# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৮০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মৃত প্রাণীর চামড়া ব্যবহার বৈধ করা হয়েছে সেসময়, যখন দাবাগত করা হয়; তার আগে নয়

ذكر البيان بأَنَّ الْأَمْرَ إِنَّمَا أُبِيحَ اسْتِعْمَالُهُ عِنْدَ دِبَاغِ جِلْدِ الْمَيْتَةِ لَا قَبْلَهُ

আরবী

1280 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ سَعِيدِ بْنِ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنَا عَمْرُو بْنُ دِينَارٍ قَالَ: أَخْبَرَنِي عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ مُنْذُ حِينٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قال: حدثتني مَيْمُونَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ شَاةً لَهُمْ مَاتَتْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَلَّا دَبَغْتُمْ إِهَابَهَا فَاسْتَمْتَعْتُمْ به)
الراوي : عَبْد اللَّهِ بْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1280 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৮০. . আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমাকে হাদীস বর্ণনা করেছেন রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহা, তিনি বলেন যে, তাদের একটি মেষ মারা যায়। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা এর  চামড়া দাবাগত করনি কেন? অতঃপর তোমরা তার মাধ্যমে উপকৃত হতে পারতে”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৭/১৭২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৬৯; সহীহ মুসলিম: ৩৬৪; সুনান বাইহাকী: ১/২৩; আবূ আওয়ানা: ১/২১১; হুমাইদী: ৪৯১; সহীহ মুসলিম: ৩৬৩; তাবারানী: ১১৩৮৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৮; মুসনাদ আহমাদ: ৬/৩৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩৮০; তিরমিযী: ১৭২৭; আবূ আওয়ানা: ১/২১০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন